# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৯৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৮৩]

৫. কিতাবুল গোসল (كتاب الغسل)

পরিচ্ছেদঃ অপবিত্র ব্যক্তির শরীরের ঘাম এবং মুসলিম ব্যক্তি কখনও নাপাক হয়না

باب عَرَقِ الْجُنُبِ وَأَنَّ الْمُسْلِمَ لاَ يَنْجُسُ

আরবী

□□□ـ عَنْ أَبِي هُرَيْرَةَ : أَنَّ النَّبِيَّ لَقِيَهُ فِي بَعْضِ طَرِيقِ الْمَدِينَةِ وَهُوَ جُنُبٌ، قال: فَانْخَنَسْتُ مِنْهُ، فَذَهَبتُ فَاغْتَسَلْتُ، ثُمَّ جِئتُ، فَقَالَ أَيْنَ كُنْتَ يَا أَبَا هُرَيْرَةَ؟ قَالَ: كُنْتُ جُنُبًا فَكَرِهْتُ أَنْ أُجَالِسَكَ وَأَنَا عَلَى غَيْرِ طَهَارَةٍ، فَقَالَ سُبْحَانَ اللَّهِ إِنَّ الْمُسْلِمَ لا يَنْجُسُ. (بخارى:□□□

বাংলা

১৯৮) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনার কোন একটি রাস্তায় আবু হুরায়রা (রাঃ)এর সাক্ষাৎ পেলেন। আবু হুরায়রা (রাঃ) তখন অপবিত্র অবস্থায় ছিলেন। আবু হুরায়রা (রাঃ) বলেনঃ আমি তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে আলাদা হয়ে গোসল করে তাঁর নিকট আগমণ করলাম। তিনি আমাকে বললেনঃ হে আবু হুরায়রা! তুমি এতক্ষণ কোথায় ছিলে? আবু হুরায়রা (রাঃ) বললেনঃ আমি অপবিত্র ছিলাম। তাই অপবিত্র অবস্থায় আপনার সাথে বসতে অপছন্দ করলাম। এ কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ সুবহানাল্লাহ! মুসলিম ব্যক্তি কখনও নাপাক হয়না।

## English

(What is said regarding) the sweat of a Junub. And a Muslim never becomes impure

Narrated Abu Huraira:

The Prophet (ﷺ) came across me in one of the streets of Medina and at that time I was Junub. So I slipped away from him and went to take a bath. On my return the Prophet (ﷺ) said, "O Abu Huraira! Where have you been?" I replied, "I was Junub, so I disliked to sit in your company." The Prophet (ﷺ) said, "Subhan Allah! A believer never becomes impure."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89090

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন